

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়,
মহিলা বিষয়ক অধিদপ্তর, বিনাইদহ।
www.dwa.jhenaidah.gov.bd



স্মারক নং-৩২.০১.৪৪০০.০০১.১৫.০০৯.২১-৩০১

তারিখ: ০৭/০৬/২০২২ খ্রিঃ


প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” শীর্ষক কর্মসূচির আওতায় উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, বিনাইদহে ২০২২-২০২৩ অর্থ বছরের জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ সেশনে নিম্নবর্ণিত ৫ (পাঁচ) টি ট্রেডে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য শুধুমাত্র মহিলা প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেড কোর্সের নাম	কোর্সের মেয়াদ (জুলাই-সেপ্টেম্বর: ২২)	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়সসীমা	সাক্ষাৎকারের তারিখ ও সময়
১	২	৩	৪	৫	৬	৭
১.	কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন	০৩ (তিন) মাস	২০ (বিশ)	নূন্যতম এস.এস.সি পাশ	১৮-৪৫ বছর	২৭/০৬/২০২২, সকাল: ১০:০০ টা,
২.	ডেস মেকিং অ্যান্ড টেইলারিং	০৩ (তিন) মাস	২০ (বিশ)	নূন্যতম ৮ম শ্রেণী পাশ	১৮-৪৫ বছর	২৭/০৬/২০২২ সকাল: ১১:০০ টা,
৩.	সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন	০৩ (তিন) মাস	২০ (বিশ)	নূন্যতম ৮ম শ্রেণী পাশ	১৮-৪৫ বছর	২৭/০৬/২০২২, বেলা: ১২:০০ টা,
৪.	ব্লক বাটিক অ্যান্ড প্রিন্টিং	০৩ (তিন) মাস	২০ (বিশ)	নূন্যতম ৮ম শ্রেণী পাশ	১৮-৪৫ বছর	২৭/০৬/২০২২, দুপুর: ০২:০০ টা,
৫.	সূচি শিল্প: হাত এয়রআরি এন্ড কারুপি ওয়াকস	০৩ (তিন) মাস	২০ (বিশ)	নূন্যতম ৮ম শ্রেণী পাশ	১৮-৪৫ বছর	২৭/০৬/২০২২, দুপুর: ০৩:০০ টা,

শর্তাবলী:


- আবেদনকারীকে অবশ্যই বিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। দরিদ্র, শিক্ষিত ও স্বল্প শিক্ষিত বিধবা, তালাক প্রাপ্ত, স্বামী পরিত্যক্তা ও পরিবার প্রধান মহিলা অগ্রাধিকার পাবেন।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ২ (দুই) কপি, জাতীয় পরিচয়পত্র / জন্ম নিবন্ধন, নাগরিকত্ব সনদের সত্যায়িত (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র আগামী ১৪/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নসাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পরে বা অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত কাগজপত্র ফেরত দেয়া হবে না।
- নির্ধারিত তারিখ নিম্নসাক্ষরকারীর কার্যালয়ে সাক্ষাৎকার গ্রহণের জন্য নতুন করে কোন চিঠি ইস্যু করা হবে না।
- প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম কানুন মেনে চলতে বাধ্য থাকবেন।
- প্রশিক্ষণার্থীগণ সরকারী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা পাবেন।
- যোগ্য প্রার্থীদেরকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস হতে জানা যাবে।
- আবেদন ফরম সংগ্রহ, জমা ও সাক্ষাৎকারে উপস্থিত হবার জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- একজন প্রার্থী কেবলমাত্র একটি ট্রেডে আবেদন করতে পারবেন। অত্র দপ্তর হতে পূর্বে প্রশিক্ষণ গ্রহণকারী প্রশিক্ষণার্থীর আবেদন অযোগ্য বলে বিবেচিত হবে।


০৭/০৬/২০২২
(মোসাঃ নিলুফার রহমান)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
বিনাইদহ।
☎ ০৪৫১-৬২৪৫০
তারিখ: ০৭/০৬/২০২২ খ্রিঃ

স্মারক নং-৩২.০১.৪৪০০.০০১.১৫.০০৯.২১-৩০১

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, বিনাইদহ।
- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বিনাইদহ।
- কর্মসূচি পরিচালক, “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ” শীর্ষক কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিনাইদহ সদর, বিনাইদহ।
- মেয়র, বিনাইদহ পৌরসভা, বিনাইদহ।
- উপজেলা নির্বাহী অফিসার, বিনাইদহ সদর, বিনাইদহ।
- চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), বিনাইদহ সদর, বিনাইদহ।
- অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।
- অফিস কপি।


০৭/০৬/২০২২
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
বিনাইদহ।